



## ALL INDIA RADIO, SILCHAR

\*\*\*\*\*

MORNING NEWS BULLETIN

BENGALI/ বাংলা

8 APRIL 2024

7:35 AM IST

---

কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্ আগামী সাত এবং আট এপ্রিল অর্থাৎ রবি ও সোমবার নির্বাচনী প্রচারে অংশ নিতে রাজ্যে আসছেন। তাঁর এই সফরের সময়ে তিনি হোজাই, লক্ষিমপুর ও গহপুর্বে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করবেন। এদিকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৭ ই এপ্রিল নলবাড়িতে নির্বাচনী প্রচারে অংশ নেবেন বলে মন্ত্রী জয়ন্ত মল্ল বড়ুয়া জানিয়েছেন। বিজেপি দলের হয়ে প্রচারে মন্ত্রী স্মৃতি ইরানী, সাংসদ মনোজ তেওয়ারি ডিব্রুগড় লোকসভা আসনের দলীয় প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচারে আসছেন বলে শ্রী মল্লবড়ুয়া জানিয়েছেন।

---

রাজ্যে প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের আর মাত্র ১১ দিন বাকি থাকা অবস্থায় বিভিন্ন রাজনৈতিক দল নিজেদের দলের

প্রার্থীদের সমর্থনে ব্যাপক প্রচার অভিযান ' অব্যাহত রেখেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা গতকাল বি জে পি মিত্র জোটের কাজীরাঙ্গা লোকসভা আসনের প্রার্থী কামাখ্যা প্রসাদ তাসার পক্ষে গোলাঘাট জেলার বিভিন্ন অঞ্চলে প্রচার করেন । মুখ্যমন্ত্রী হোজাই এং দেড়গাওয়ে দুটি পৃথক পৃথক নির্বাচনী জনসভায়ও অংশ গ্রহণ করেন । এর আগে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা যোরহাট লোকসভা আসনের প্রার্থী তপন গগৈর পক্ষে কয়েকটি জনসভায় অংশ নেন । এই কার্যসূচিতে মন্ত্রী পীযুষ হাজারিকা , অজন্তা নেওয়গ , বিধায়ক ভবেন্দ্রনাথ ভরালী এবং মিত্র জোটের কয়েকজন নেতা উপস্থিত ছিলেন ।

একইভাবে , বি জে পি নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল গতকাল ডিব্রুগড়ের লাইপুলি মরাণকারী গ্রাম , মহাকালি চা-বাগান এবং নেপালি খেলার মাঠে জনসভায় অংশ নিয়েছেন । দরং-ওদালগুড়ি লোকসভা আসনের বি জে পি মিত্র জোটের প্রার্থী দীলিপ শইকীয়া ওই আসনের বিভিন্ন অঞ্চলে আয়োজিত কয়েকটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন ।

এদিকে কংগ্রেস প্রার্থী গৌরব গগৈ গতকাল ডিমৌ চা বাগানে প্রচার করেন । রাজ্যের প্রাক্তন মন্ত্রী তথা কংগ্রেস নেতা এতোয়া মুন্ডা গহপুরের বিভিন্ন চা-বাগান অঞ্চলে দলীয় প্রার্থীর পক্ষে প্রচার করেন ।

অসম জাতীয় পরিষদ দলের নেতা তথা বিরোধী ঐক্যমঞ্চের ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী লুরিনজ্যোতি গগৈ গতকাল

বগিবিল গ্রাম পঞ্চায়েত এলাকা , তিলৌ গ্রাম বাজার প্রেক্ষাগৃহ সহ বেশ কয়েকটি স্থানে প্রচার কার্যে অংশ গ্রহণ করেন । এদিকে বিরোধী ঐক্যমঞ্চের অংশিদার হিসেবে সি-পি-আই-এম দলও লুরিনজ্যোতি গগৈর পক্ষে তিনসুকীয়া জেলার বিভিন্ন চা বাগান এলাকায় প্রচার করে ।

---

প্রথম পর্যায়ের লোকসভা নির্বাচনের প্রচার চালানোর জন্য আম আদমী পার্টির নেত্রী তথা দিল্লী সরকারের মন্ত্রী অতিশী মারলেনা আজ থেকে আগামী তিনদিন আসামে নির্বাচনী প্রচারে অংশ নেবেন । শ্রীমতি অতিশী আজ দুলিয়াজান এবং মার্ঘারিটায় মটর সাইকেল মিছিলে আপ প্রার্থীর হয়ে প্রচার করবেন এবং বিকেলে সংবাদ মাধ্যমের সংগে মত বিনিময় করবেন । নেত্রী অতিশী আগামীকাল ডিব্রুগড় ও শোনিতপুর লোকসভা আসনের দলীয় প্রার্থী মনোজ ধানোয়ার ও ঋষিরাজ কৌন্দিন্যর হয়ে প্রচার চালাবেন । আগামী ১০ ই এপ্রিল তিনি তেজপুরের প্রার্থীর হয়ে রোড শোতে অংশ নেবেন ।

---

এদিকে গতকাল গোলাঘাট জেলার মেরাপানীতে কংগ্রেস দলের সাধারণ সম্পাদক জীতেন্দ্র সিং , সম্পাদক পৃথীরাজ সিং , আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি ভুপেন বরা সহ বহু সংখ্যক নেতা কমীরা কাজিরাঙা আসনের বিরোধী ঐক্যমঞ্চের প্রার্থী রোজলীনা তিকীর হয়ে প্রচার করেন ।

---

সি পি আই দলের পক্ষ থেকে গতকাল নতুন দিল্লীতে আসন্ন লোকসভা নির্বাচনের জন্য দলীয় ইস্তাহার প্রকাশ করা হয়েছে । ইস্তাহারে পুরনো পেনশন ব্যবস্থা ফিরিয়ে আনা এবং বেসরকারী ক্ষেত্রে সংরক্ষণ ব্যবস্থা বহাল করা তথা সার্বজনীন ক্ষেত্রে সমান সুযোগের ভিত্তিতে এগিয়ে নিয়ে যাওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে । ইস্তাহারে সবাইকে সুলভ স্বাস্থ্য এবং শিক্ষার ব্যবস্থা করার জন্য এই দুটি ক্ষেত্রে আরো বেশী তহবিলের দাবী করা সহ মহিলাদের সংরক্ষণের জন্য কাজ করে যাওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার পোষ্টাল ব্যালট পেপার সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে আগামীকাল জেলার ১০টি কেন্দ্রে প্রিসাইডিং এবং ফাষ্ট পোলিং অফিসারদের প্রশিক্ষন অনুষ্ঠিত হবে এবং প্রশিক্ষন কেন্দ্রে ভোট ফেসিলিটেশন কেন্দ্র খোলা হবে । সেখানে ভোটের কাজে নিযুক্ত কর্মী এবং আধিকারীকদের মধ্যে ১২ নম্বর ফর্ম বিতরন এবং সংগ্রহ করার সুবিধা থাকবে । ভোট কর্মীদের ফেসিলিটেশন কেন্দ্রগুলি থেকে ১২ নম্বর ফর্ম সংগ্রহ করতে এবং প্রয়োজনীয় নথি পত্র জমা দিতে আহ্বান জানানো হয়েছে । উল্লেখ্য আগামীকাল করিমগঞ্জ সরকারী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , রবীন্দ্র সদন মহিলা কলেজ , নীলমনি

উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , এম এম এম সি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে ভোট কর্মী প্রশিক্ষন অনুষ্ঠিত হবে । এছাড়া নিলাম বাজার কলেজ , বারইগ্রাম জাফরগড় এক্সটেন্ডড উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , পাথারকান্দি মডেল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ও প্রেমময়ী সিনিয়র বেসিক স্কুল , রামকৃষ্ণ নগর কলেজ এবং আনিপুরের নারায়ন নাথ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে সকাল ১০টা থেকে প্রশিক্ষন শুরু হবে ।

---

কাছাড়ের অতিরিক্ত জেলা আয়ুক্ত তথা পি বি পি সেলের দায়িত্ব প্রাপ্ত আধিকারীক জানিয়েছেন যে শিলচর লোকসভা আসনে ভোটের কাজে যুক্ত কর্মীদের পোষ্টাল ব্যালটে আগামী ১৯ , ২০ এবং ২১শে এপ্রিল ভোটদান ধার্য করা হয়েছে ।

এদিকে ৮৫ বছরের উর্ধের প্রবীন নাগরিক ও বিশেষভাবে সক্ষম ব্যক্তির প্রথম দফায় আগামী ১৯ , ২০ ২১ এবং দ্বিতীয় দফায় ২২ ও ২৩ এপ্রিল ভোটদান করতে পারবেন ।

---

ভারতীয় আবহ বিজ্ঞান বিভাগ উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে আগামী ৬ দিন বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে এবং ওই সময় প্রতি ঘন্টায় ৫০ কিলোমিটার বেগে বাতাস বইতে পারে বলে পূর্বাভাষ জারী করেছে ।